মেহেরপুর জেলা আওয়ামী লীগের সম্পাদক এমএ খালেক অসুস্থ্য

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক অসুস্থ্য হয়ে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

গতকাল সোমবার দিবাগত রাতে এমএ খালেক হঠাৎ অসুস্থ হয়ে পড়লে তাকে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়।
তিনি কোল্ড এনার্জি ও হাইপ্রেসারে ভুগছিলেন। বর্তমানে তার অবস্থা উন্নতির দিকে বলে জানান তিনি।

এমএ খালেক জানান,গতকাল সোমবার সন্ধ্যার দিকে ব্যক্তিগত অফিসে বসে নেতাকর্মীদের সাথে রাজনৈতিক আলাপচারিতায় ছিলাম। হঠাৎ অসুস্থ্য হয়ে পড়লে দ্রুত মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে পরিবারের লোকজন।

তিনি বলেন, কোল্ড এনার্জি থেকে এ্যাজমায় রুপ নিয়েছে। বর্তমানে হাইপ্রেসার, অক্সিজেন ও রক্তের লেবেল নিয়ন্ত্রণে রয়েছে। এক সপ্তাহ পর্যন্ত বিছানায় বিশ্রাম নেওয়ার পরামর্শ দিয়েছেন চিকিৎসক।